

Investment Incentive Agreement between the Government of India and the Government of United States of America

May 23, 2022

ভারত ও মার্কিন যুক্তরাষ্ট্রের মধ্যে বিনিয়োগে উৎসাহদান সংক্রান্ত চুক্তি স্বাক্ষর

ভারত ও মার্কিন যুক্তরাষ্ট্র আজ জাপানের টোকিওতে বিনিয়োগে উৎসাহদান সংক্রান্ত চুক্তি (ইনভেস্টমেন্ট ইনসেন্টিভ এগ্রিমেন্ট - আইআইএ) স্বাক্ষর করেছে। ভারতের পক্ষে বিদেশ সচিব শ্রী বিনয় কাত্তা ও মার্কিন যুক্তরাষ্ট্রের পক্ষে ইউ এস ইন্টারন্যাশনাল ডেভেলপমেন্ট ফিন্যান্স কর্পোরেশন (ডিএফসি) -এর মুখ্য কার্যনির্বাহী আধিকারিক মি. স্কট নাথান চুক্তিতে স্বাক্ষর করেন। এই আইআইএ ১৯৯৭ সালের ভারত ও মার্কিন যুক্তরাষ্ট্রের মধ্যে স্বাক্ষরিত ইনভেস্টমেন্ট ইনসেন্টিভ এগ্রিমেন্টের পরিবর্তে কার্যকর হবে। ১৯৯৭ সালে আইআইএ -এর পর উন্নয়ন ক্ষেত্রে বেশ কিছু গুরুত্বপূর্ণ পরিবর্তন হয়েছে। এর মধ্যে উল্লেখযোগ্য হল ওভারসিজ প্রাইভেট ইনভেস্টমেন্ট কর্পোরেশনের পরিবর্তে ডিএফসি গঠিত হয়েছে। 2018 সালের বিল্ড অ্যাক্ট অনুসারে এটি কার্যকর হয়। এর ফলে বিনিয়োগের ক্ষেত্রে ডিএফসি -র নতুন নতুন সুযোগগুলি কার্যকর করতে সুবিধে হবে, যার মধ্যে উল্লেখযোগ্য ঋণ, ইকুইটিতে বিনিয়োগ, বিনিয়োগ সংক্রান্ত নিশ্চয়তা, বিমা ক্ষেত্রে বিনিয়োগ এবং বিভিন্ন সম্ভাব্য প্রকল্প ও তহবিল গঠনের জন্য নানান দিক বিবেচনা করা।

ডিএফসি - র জন্য এই চুক্তি আইন অনুযায়ী কার্যকর হবে। ডিএফসি বা তার পূর্বের সংস্থাগুলি 1978 সাল থেকে সক্রিয়। এপর্যন্ত এই সব সংস্থা 580 কোটি মার্কিন ডলার বিনিয়োগ সহায়ক উদ্যোগ হিসেবে সাহায্য করার প্রস্তাব গৃহীত হয়েছে। এর মধ্যে 290 কোটি মার্কিন ডলারের বিনিয়োগ সংক্রান্ত সহায়তা এখনও বাকি রয়েছে। ভারতে বিনিয়োগ সংক্রান্ত সহযোগিতার জন্য ডিএফসি -র 400 কোটি মার্কিন ডলার সাহায্যের প্রস্তাব বিবেচনাধীন। এর মধ্যে কোভিড - 19 টিকা উৎপাদন, স্বাস্থ্য ক্ষেত্রে বিনিয়োগ, পুনর্নবিকরণযোগ্য জ্বালানী, অতিক্ষুদ্র, ক্ষুদ্র ও মাঝারি শিল্পোদ্যোগের জন্য আর্থিক সহায়তা, পরিকাঠামো ক্ষেত্র উল্লেখযোগ্য।

আইআইএ স্বাক্ষরের ফলে ডিএফসি -র পক্ষে ভারতে বিনিয়োগ সংক্রান্ত সহযোগিতা বৃদ্ধিতে সুবিধা হবে। ফলস্বরূপ ভারতে উন্নয়নে গতি আসবে।

নিউ দিল্লি

মে 23, 2022

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.